অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/10/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল শ্রম বিষয়ক তদন্তের সময় অনিবন্ধিত শ্রমিকদের সুরক্ষার জন্য ফেডারেল আইন বাস্তবায়নের ঘোষণা দিয়েছেন

অনিবন্ধিত শ্রমিকদের সুরক্ষার জন্য নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার বাইডেন প্রশাসন কর্তৃক প্রবর্তিত নতুন ধারা প্রতিষ্ঠা করেছে

পরিবর্তনগুলো অসাধু নিয়োগকর্তাদের জবাবদিহির প্রচেষ্টাকে শক্তিশালী করে৷

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার (New York State Department of Labor, NYSDOL) শ্রম বিরোধের সময় অনিবন্ধিত অভিবাসী শ্রমিকদের প্রতি প্রতিশোধ এবং ছাঁটাইকরণ থেকে রক্ষা করার জন্য একটি নতুন ধারা বাস্তবায়ন করেছে যা বাইডেন প্রশাসন কর্তৃক এই বছরের শুরুতে জারি করা সুরক্ষাগুলোকে সম্প্রসারিত করেছে। মার্কিন যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি (U.S. Department of Homeland Security, USDHS)-এর সাথে একটি আন্তঃ-এজেন্সি ভিত্তিক অংশীদারিত্বের মাধ্যমে, বিচার ও সম্ভাব্য ছাঁটাই থেকে সাময়িক সুরক্ষা পাওয়ার পাশাপাশি যদি কর্মীটি স্টেটের NYSDOL তদন্তে জড়িত থাকে তবে মার্কিন যুক্তরাষ্ট্রে বৈধভাবে কাজ করার সক্ষমতা নিয়ে NYSDOL এখন অনিবন্ধিত শ্রমিক এবং তাদের প্রতিনিধিদের সাথে কাজ করছে। বাইডেন প্রশাসনের অধীনস্ত প্রসিকিউটরিয়াল ডিস্ক্রিশনের এই প্রক্রিয়াটি স্টেটীয় সংস্থাগুলোকে অন্তর্ভুক্ত করার জন্য সম্প্রসারিত করা হয়েছে যা অনিবন্ধিত শ্রমিক যাদের প্রায়শই ছাঁটাই বা অন্যান্য ধরনের প্রতিশোধ নেওয়ার হুমকি দেওয়া হয় তাদের দ্বারা অসাধু নিয়োগকর্তাদের বিরুদ্ধে রিপোর্ট করার অনিচ্ছা দূর করতে সাহায্য করে।

"মার্কিন যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটির সাথে এই গুরুত্বপূর্ণ অংশীদারিত্ব শুধুমাত্র আমাদের শ্রম বিষয়ক তদন্তের বৈধতা রক্ষা করতেই সাহায্য করবে না বরং নিউ ইয়র্কের অসহায় কর্মীদের নিরাপত্তার ক্ষেত্রেও এটি সাহায্য করবে," **গভর্নর হোকল বলেন৷** "কর্মী সুরক্ষায় জাতিকে নেতৃত্ব দিতে পেরে নিউ ইয়র্ক গর্বিত এবং আমরা আমাদের স্থানীয়, স্টেটীয় এবং ফেডারেল অংশীদারদের সাথে কাজ চালিয়ে যাব যাতে সকল শ্রমিক - তাদের অভিবাসন অবস্থা ব্যতিরেকে কর্মক্ষেত্রে তাদের ন্যায্যতা ও নিরাপত্তার অধিকার ভোগ করে।"

NYSDOL কর্তৃক কর্মক্ষেত্রে শ্রম বিষয়ক তদন্তের সাথে জড়িত অনিবন্ধিত শ্রমিকগণ বা তাদের পক্ষের কোনো প্রতিনিধি বা অ্যাটর্নি DHS থেকে প্রসিকিউটরিয়াল ডিস্ক্রিশন সমর্থনকারী

NYSDOL-এর কাছে আগ্রহের একটি বিবৃতিমূলক আবেদন জমা দিতে পারেন। ওয়ার্কার প্রোটেকশ ইউনিট (The Worker Protection Unit) আবেদনটি মূল্যায়ন করবে এবং 30 দিনের মধ্যে একটি সিদ্ধান্ত জানাবে। পৃথকভাবে, বিলম্বিত পদক্ষেপের জন্য কর্মীকে DHS বরাবর একটি সমকালীন ফাইলিং জমা দিতে হবে। প্রতিটি আবেদন DHS পর্যালোচনা করে এবং অনুমোদিত হলে, কর্মীর বিলম্বিত পদক্ষেপ মঞ্জুর করা হতে পারে যা তাদের দুই বছরের ছাঁটাই থেকে অথবা চলমান তদন্তের ক্ষেত্রে বা নিয়োগকর্তাদের কাছ থেকে পরবর্তী পেআউটের ক্ষেত্রে সুরক্ষিত রাখে। নিউ ইয়র্ক স্টেট এই প্রক্রিয়া শুরু করার পর থেকে 32টি স্টেটমেন্ট অব ইন্টারেস্ট মঞ্জুর করেছে যা 100 জনেরও বেশি কর্মীকে প্রভাবিত করেছে।

একবার DHS কর্তৃক স্টেটমেন্ট অব ইন্টারেস্ট মঞ্জুর করা হলে, তদন্তের মাধ্যমে প্রভাবিত যেকোনো কর্মক্ষেত্রের সকল কর্মী বিলম্বিত পদক্ষেপের জন্য আবেদন করার যোগ্য হবেন। প্রক্রিয়া সম্পর্কে আরো জানতে, প্রসিকিউটরিয়াল ডিস্ক্রিশন বিষয়ক ওয়েবপেজটি দেখুন।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার কমিশনার রবার্টা রিয়ার্ডন বলেন, "প্রতিশোধের ভয় যেকোনো শ্রমিককে পঙ্গু করে দেয় তবে বিশেষ করে অভিবাসীদের জন্য এটি ভয়ঙ্কর। ডিপার্টমেন্ট অব লেবার (Department of Labor)-এর ক্ষেত্রে, আমরা অভিবাসন অবস্থা ব্যতিরেকে সমস্ত অভিযোগ তদন্ত করি। আমরা বিশ্বাস করি যে নিউ ইয়র্ক স্টেট জুড়ে প্রতিটি কর্মক্ষেত্রে সকল শ্রমিকের অধিকার রয়েছে। যদি কোনো শ্রমিক শ্রম লঙ্ঘনের শিকার বা সাক্ষী হন তাহলে অনুগ্রহ করে আমাদের কাছে রিপোর্ট করুন। আমরা সাহায্য করতে পারি।"

সিনেটর কার্স্টেন গিলিব্র্যান্ড বলেন, "অনিবন্ধিত অভিবাসীগণ নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিতে অবদান রাখে এবং অভিবাসন অবস্থা ব্যতিরেকে কর্মক্ষেত্রে তারা সুরক্ষা পাওয়ার যোগ্য। আমি অনিবন্ধিত শ্রমিকদের জন্য সুরক্ষা ব্যবস্থা বাস্তবায়ন এবং নিয়োগকর্তাদের জবাবদিহিতায় গভর্নর হোকলের প্রচেষ্টাকে সমর্থন করি।"

প্রতিনিধি জেরি ন্যাডলার বলেন, "সকল শ্রমিক কর্মক্ষেত্রে শোষণ এবং প্রতিশোধ থেকে মুক্ত হওয়ার অধিকার রাখে এবং আমি গভর্নর হোকলের আজকের ঘোষণাকে সাধুবাদ জানাই যা শ্রম বিষয়ক তদন্তের সময় নিউ ইয়র্কের অনিবন্ধিত শ্রমিকদের রক্ষা করতে সাহায্য করবে। DHS-এ ফেডারেল অংশীদারদের সাথে NYSDOL-এর অংশীদারিত্ব আরো অসাধু কর্মসংস্থান কার্যক্রমগুলোকে অন্ধকার থেকে বের করে আনবে কারণ তখন কর্মীদের আশ্বস্ত করা যেতে পারে যে তারা যে পরিস্থিতির সম্মুখীন হয় তা সম্পর্কে কথা বলার জন্য তারা প্রতিশোধের মুখোমুখি হবে না।"

প্রতিনিধি পল টোনকো বলেন, "প্রয়োজনীয় সুরক্ষা ছাড়াই, শোষণকারী নিয়োগকর্তাগণ প্রায়শই অনিবন্ধিত শ্রমিকদের নির্বাসনের হুমকি প্রদান সহ অবৈধ বা বিপজ্জনক কর্মক্ষেত্রের অবস্থার বিরুদ্ধে কথা বলতে বাধা দেয় যার ফলে সকল শ্রমিকের অধিকার এবং সুরক্ষা ক্ষুণ্ন হয়ে থাকে। কোনো শ্রমিককে প্রতিশোধের ভয়ে চুপ থাকতে বাধ্য করা উচিত নয়। আমি কৃতজ্ঞ এই কারণে যে আমার সমর্থিত ফেডারেলের এই কার্যক্রমগুলো অভিবাসী কর্মীদের সুরক্ষা এবং আরো ভালো মানের পাশাপাশি সবার জন্য একটি নিরাপদ কাজের পরিবেশ নিশ্চিত করার জন্য বাস্তবায়িত হচ্ছে।"

লিগ্যাল এইড সোসাইটির অ্যাটর্নি রিচার্ড ব্লুম বলেন, "নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার কর্তৃক স্টেটমেন্ট অব ইন্টারেস্ট জারি করা হুমকি এবং ভয়ের ব্যাপক পরিস্থিতির বিরুদ্ধে লড়াই করার একটি মূল পদক্ষেপ যা সাধারণত মজুরি চুরি এবং অন্যান্য গুরুতর শ্রম অপরাধের সাথে সংশ্লিষ্ট।"

ব্রুকলিন ডিফেন্ডার সার্ভিসেসের ইক্যুয়াল জাস্টিস ওয়ার্কস ফেলো ক্যালেন লোয়েল বলেন, "অনেক দিন ধরে, অসাধু নিয়োগকর্তাগণ অভিবাসী কর্মীদের ন্যূনতম মজুরি প্রদান করে প্রতিশোধের ভয় দেখিয়ে তাদের মজুরি নয় ছয় করেছে। স্টেটমেন্ট অব ইন্টারেস্ট জারি করে, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার আমাদের ক্লায়েন্টদের নিয়োগকর্তাদের কাছ থেকে অভিবাসন-ভিত্তিক প্রতিশোধের ক্ষেত্রে কম ঝুঁকিপূর্ণ করার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে।"

এটি নিউ ইয়র্ক স্টেট জুড়ে অনিবন্ধিত বাসিন্দাদের রক্ষা ও সমর্থন করার পাশাপাশি স্টেটের শ্রম আইন এড়িয়ে ছাঁটাই কার্যক্রমের ব্যবহার থেকে অসাধু নিয়োগকর্তাদের বিরত রাখার জন্য গভর্নর হোকলের ধারাবাহিক প্রচেষ্টার সর্বশেষতম প্রচেষ্টা। মে মাসে, গভর্নর ফেডারেল সরকারকে আশ্রয়প্রার্থীদের জন্য কাজের অনুমোদন ত্বরান্বিত করার আহ্বান জানান। ফেব্রুয়ারিতে, গভর্নর হোকল সু-দক্ষ অভিবাসীদের জন্য নিউ ইয়র্ক স্টেট প্রোফেশনাল পাথওয়েস (New York State Professional Pathways) প্রোগ্রামের সম্প্রসারণ ঘোষণা করেছিলেন যা নতুন আমেরিকানদেরকে তাদের দক্ষতা ও অভিজ্ঞতার সাথে মেলে এমন কর্মসংস্থান খুঁজে পেতে সাহায্য করে। 2021 সালের অক্টোবরে, তিনি অনিবন্ধিত অভিবাসীদের তাদের অভিবাসন অবস্থা রিপোর্ট করার হুমকি থেকে রক্ষা করার আইনে স্বাক্ষর করেছিলেন।

NYSDOL-এর ডিভিশন অব লেবার স্ট্যান্ডার্ডস সকল কর্মীদের সুরক্ষা দেয়, যাদের মধ্যে যারা অনথিভুক্ত বা এমন পেমেন্ট আছে যা সরকারিভাবে নথিভুক্ত নয়, যাতে এর উপর কোনো ট্যাক্স দেওয়া হয় না। আরো তথ্য জানতে, ডিভিশন অব লেবার স্ট্যান্ডার্ডস ওয়েবসাইট দেখুন। উপরন্তু, NYSDOL-এর ডিভিশন অব ইমিগ্র্যান্ট পলিসিস অ্যান্ড অ্যাফেয়ার্স (Division of Immigrant Policies and Affairs, DIPA) নিশ্চিত করে যে ডিপার্টমেন্টের পরিষেবা, প্রোগ্রাম এবং সুরক্ষা সকল কর্মীদের জন্য বিদ্যমান রয়েছে এর মধ্যে যারা কাজ করে বা অন্য দেশ থেকে নিউ ইয়র্কে চলে আসে তারাও রয়েছে। আরো তথ্য জানতে DIPA ওয়েবপেজ দেখুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন